

বায়ুফে প্রেসিডেন্টের বিবৃতি- জুন ২০১৭

জাতীয় দলের দায়িত্বে অ্যান্ড্রু ওর্ড

বাংলাদেশ জাতীয় ও অ-২৩ দলের দায়িত্ব নিতে গত ৪ জুন বাংলাদেশে এসেছেন অ্যান্ড্রু ওর্ড। ইতোপর্বে ওর্ড অস্ট্রেলিয়া জাতীয় দলের ২০১৮ বিশ্বকাপ বাছাইপর্বের ম্যাচগুলোয় প্রতিপক্ষ দলের শক্তিমত্তা বিশ্লেষণের জন্য একজন স্কাউট হিসেবে কাজ করেছেন। এছাড়া মায়ানমারের ইয়াঙ্গুন ইউনাইটেডের অধীনে দেশটিতে প্রথম পূর্ণাঙ্গ ফুটবল একাডেমি তৈরির কাজেও যুক্ত ছিলেন তিনি। থাইল্যান্ডের মুয়াং থং ইউনাইটেডের অধীনে অ-২১ দলের হেড কোচের পাশাপাশি দেশটির জাতীয় দলের ভিডিও অ্যানালিস্ট এবং স্কাউটের দায়িত্ব পালন করেছেন ওর্ড। থাইল্যান্ড প্রিমিয়ার লিগে হেড কোচের দায়িত্ব পালনেরও অভিজ্ঞতা রয়েছে তার।

অ-২৩ দলের ট্রেনিং ক্যাম্প

জুলাই ১৯-২৩ ফিলিস্তিনে হতে চলা 'এএফসি অ-২৩ চ্যাম্পিয়নশীপ ২০১৮'-এর কোয়ালিফায়ার ম্যাচগুলোর জন্য শক্তিশালী দল গড়ার লক্ষ্যে অ-২৩ দলের ক্যাম্পিং গত ৭ জুন থেকে শুরু হয়েছে। প্রাথমিকভাবে জুন ৭ থেকে ৯ তারিখ পর্যন্ত বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে ৫৪ জন খেলোয়াড়ের অংশগ্রহণে ক্যাম্প অনুষ্ঠিত হয়।

শারীরিক এবং কৌশলগত দক্ষতাকে মূল প্রাধান্য রেখে আয়োজিত এই ক্যাম্পিং-এর কার্যক্রম এখনো পুরোদমে চলছে। এই ক্যাম্পের মাধ্যমে খেলোয়াড়দের প্রতিভা, মানসিকতা এবং সামর্থ্য মূল্যায়ন করে নিকট ভবিষ্যতের প্রতিযোগিতার জন্য বাছাই করা হবে। এই লক্ষ্যে নির্বাচিত স্কোয়াডের আবাসিক ক্যাম্প গত ১৯ জুন থেকে বিকেলসপিতে শুরু হয়েছে।

ফেডারেশন কাপ ২০১৭

ফেডারেশন কাপ ২০১৭ সফলভাবে শেষ হয়েছে। প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়ে ফেডারেশন কাপে নিজেদের দশম শিরোপা ঘরে তুলেছে ঢাকা আবাহনী।

পাইওনিয়ার ফুটবলের সুপার লিগ পর্ব

পাইওনিয়ার ফুটবল লিগ ২০১৭-এর সুপার লিগ পর্বের খেলা গত ৮ জুন থেকে শুরু হয়। চারটি গ্রুপে ভাগ হয়ে মোট ২০টি দল এই পর্বে অংশ নেয়। এর পর্বের খেলাগুলো কমলাপুর স্টেডিয়াম এবং রাজউক আউটার স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়।

অ-১৮ দলের ক্যাম্প

পর্যাপ্ত পরিমাণে প্রতিভা তুলে আনতে অ-১৮ লেভেলের খেলোয়াড়দের সামনে একের পর এক সুযোগ উন্মোচনের ব্যবস্থা করেছে বাফুফে। এর অংশ হিসেবে বাংলাদেশ জাতীয় অ-১৮ দল আগামী ১৮ থেকে ২৭ সেপ্টেম্বর পর্যন্ত ভুটানে অনুষ্ঠিত হতে চলা 'সাফ অ-১৮ চ্যাম্পিয়নশীপ ২০১৭'-তে অংশগ্রহণ করবে। এরপর দলটি ৩১ অক্টোবর থেকে ৮ নভেম্বর পর্যন্ত তাজিকিস্তানে অনুষ্ঠিতব্য 'এএফসি অ-১৯ চ্যাম্পিয়নশীপ ২০১৮ কোয়ালিফায়ারস'-এ অংশ নেবে। এই লক্ষ্যে ইতোমধ্যে বিপিএল, বিসিএল এবং সদ্য শেষ হওয়া 'অ-১৮ জাতীয় চ্যাম্পিয়নশীপ ২০১৭'-এর অ-১৮ খেলোয়াড়দের আমন্ত্রণ জানানো হয়েছে।

অ-১৬ দলের ক্যাম্প

প্রতিভা বাছাইয়ের অংশ হিসেবে অ-১৬ ছেলেদের নিয়েও একই রকমের পরিকল্পনা করেছে বাফুফে। বাংলাদেশ জাতীয় অ-১৬ দল আগামী ১৮ থেকে ২৭ আগস্ট পর্যন্ত নেপালে অনুষ্ঠিত হতে চলা 'সাফ অ-১৬ চ্যাম্পিয়নশীপ ২০১৭'-তে অংশগ্রহণ করবে। এরপর দলটি ১৬ থেকে ২৪ সেপ্টেম্বর পর্যন্ত কাতারে অনুষ্ঠিতব্য 'এএফসি অ-১৬ চ্যাম্পিয়নশীপ ২০১৮ কোয়ালিফায়ারস'-এ অংশ নেবে। ভাল দল গড়ার লক্ষ্যে পাইওনিয়ার লিগ এবং দেশজুড়ে চলা ট্যালেন্ট হান্ট প্রোগ্রাম থেকে সেরা ৩০ জন অ-১৬ খেলোয়াড়দেরও সুযোগ দেয়া হবে।

অ-১৬ নারী দলের জাপান ভ্রমণ

ফুটবল উন্নয়ন এবং বছরের শেষ দিকে থাইল্যান্ডে হতে চলা এএফসি চ্যাম্পিয়নশীপের প্রস্তুতির অংশ হিসেবে বাংলাদেশ অ-১৬ নারী দল গত ১৭ জুন জাপান সফর করে। সফরে চারটি প্রস্তুতি ম্যাচের পাশাপাশি জাপানের ওসাকায় জে-গ্রিন সাকাই ন্যাশনাল ট্রেনিং সেন্টারে ট্রেনিং সেশনে অংশ নেয় অ-১৬ মেয়েরা। ছয়দিনের ট্রেনিং শেষে

প্রস্তুতি ম্যাচগুলোয় ভাল পারফরম্যান্স করে বাংলাদেশের মেয়েরা। সফরে শুধুমাত্র শেষ ম্যাচে জয় পেলেও বাকি ম্যাচগুলোতেও ভাল ফুটবল খেলে অ-১৬ দল।

অ-১৬ নারী দলের বেগম সুফিয়া কামাল অ্যাওয়ার্ড অর্জন

ভাল পারফরম্যান্সের স্বীকৃতি হিসেবে অ-১৬ নারী দলকে এ বছরের ‘বেগম সুফিয়া কামাল অ্যাওয়ার্ড’ প্রদান করেছে বাংলাদেশ মহিলা পরিষদ। অ-১৬ দলের পক্ষ থেকে গত ২০ জুন এই পুরস্কার গ্রহণ করেন বাফুফের উইমেন্স ফুটবল উইং-এর প্রধান মাহফুজা আক্তার কিরন। উল্লেখ্য সম্প্রতি র্‌যাফ্‌কিং-এ এগারো ধাপ এগিয়ে ১০৩তম স্থানে উঠে আসা জাতীয় প্রমীলা দলের অধিকাংশই অ-১৬ দল থেকেই উঠে এসেছেন।

গ্যাজপ্রম ফুটবল ফর ফ্রেন্ডশিপ প্রোগ্রামে বাংলাদেশ

জুন ২৬ থেকে শুরু হওয়া পঞ্চম গ্যাজপ্রম ফুটবল ফর ফ্রেন্ডশিপ প্রোগ্রামে বাংলাদেশের একটি প্রতিনিধি দল অংশগ্রহণ করছে। বিভিন্ন ট্রেনিং প্রোগ্রাম এবং ওয়ার্কশপের পাশাপাশি ফিফা কনফেডারেশন কাপ ২০১৭-এর ফাইনাল উপভোগেরও সুযোগ পাবে এই দলের সদস্যরা। ৬৪টি দেশের অংশগ্রহণে চলমান গ্যাজপ্রম ফুটবল ফর ফ্রেন্ডশিপ প্রোগ্রামে এই প্রথমবারের মতো অংশ নিচ্ছে বাংলাদেশ।